# খালেদা জিয়ার চিকিৎসায় ঢাকায় বিদেশি বিশেষজ্ঞ দল



সংগৃহীত ছবি

বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার উন্নত চিকিৎসার জন্য পাঁচ সদস্যের আন্তর্জাতিক বিশেষজ্ঞ টিম সোমবার (১ ডিসেম্বর) ঢাকার এভারকেয়ার হাসপাতালে পৌঁছেছে। দুপুরের পর তাঁরা হাসপাতালে চিকিৎসা কার্যক্রমে যুক্ত হন।

এদিন গণমাধ্যমকে দেওয়া এক সংক্ষিপ্ত ব্রিফিংয়ে বিএনপির ভাইস চেয়ারম্যান আহমেদ আযম খান জানান, খালেদা জিয়ার শারীরিক অবস্থার অবনতি হয়েছে। তিনি বলেন, “ম্যাডাম এখন অত্যন্ত সংকটাপন্ন। অবস্থা এতটাই গুরুতর যে বিস্তারিত ব্যাখ্যা দিতে চাই না। আপনারা এটিকে ভেন্টিলেশন-সমতুল্য বা অত্যন্ত গভীর সংকট মনে করতে পারেন।”

গত ২৩ নভেম্বর রাতে নিয়মিত স্বাস্থ্য পরীক্ষার জন্য গুলশানের বাসা ‘ফিরোজা’ থেকে তাঁকে এভারকেয়ার হাসপাতালে নেওয়া হয়। পরবর্তীতে মেডিকেল বোর্ডের পরামর্শে হাসপাতালে ভর্তি রেখে নানা পরীক্ষা-নিরীক্ষা ও প্রয়োজনীয় চিকিৎসা দেওয়া হচ্ছে। দীর্ঘদিন ধরেই তিনি আর্থ্রাইটিস, ডায়াবেটিস, কিডনি ও ফুসফুসজনিত জটিলতা এবং চোখের সমস্যায় ভুগছেন।

LENS ASIA